

## 153631 - মৃত্যুর পর মৃতব্যক্তিকে চুমো খাওয়া

### প্রশ্ন

মৃতের আত্মীয় ও বন্ধু-বান্ধবদের অনেকে মৃতব্যক্তিকে চুমু খায়? এই মর্মে কোন হাদিস কি উদ্ধৃত হয়েছে? স্ত্রী কি তার স্বামীকে চুমো খেতে পারবে?

### প্রিয় উত্তর

সহিহ হাদিস প্রমাণ করে যে, মৃত্যুর পর মৃতব্যক্তিকে চুমো খাওয়া জায়েয; চাই সেটি আত্মীয়-স্বজনের পক্ষ থেকে হোক কিংবা অন্যদের পক্ষ থেকে হোক। পুরুষদের জন্য মৃত পুরুষ ব্যক্তিকে চুমো খাওয়া এবং নারীদের জন্য মৃত নারীকে চুমো খাওয়া জায়েয। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত আছে যে, “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কাঁদতে কাঁদতে মৃত উসমান বিন মাজউনকে চুমো খেয়েছেন।” [সুনানে আবু দাউদ (৩১৬৩), আলবানী হাদিসটিকে সহিহ বলেছেন]

আয়েশা (রাঃ) থেকে বর্ণিত আছে যে, “আবু বকর সিদ্দিক (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তাঁর মৃত্যুর পর চুমো খেয়েছিলেন।” [সহিহ বুখারী (৪৪৫৭)]

নববী বলেন: “পরিবারের সদস্য ও বন্ধুবান্ধবের জন্য চেহারাতে চুমো খাওয়া জায়েয। এ ব্যাপারে হাদিস সাব্যস্ত হয়েছে।” [শারহুল মুহায্যাব (৫/১১১) থেকে সমাপ্ত]

হাফেয (রহঃ) বলেন: এই হাদিসে পাওয়া যায় যে, মৃতব্যক্তিকে চুমো খাওয়া জায়েয। [সমাপ্ত] শাওকানী (রহঃ) বলেন: “যেহেতু সাহাবীদের মধ্যে এমন কাউকে পাওয়া যায়নি যিনি আবু বকর (রাঃ) এর কর্মটিকে সমালোচনা করেছেন। সুতরাং এটি যেন ইজমা। [সমাপ্ত]

অনুরূপভাবে কোন নারীর জন্য তার স্বামীকে চুমো খেতে কোন আপত্তি নেই।

শাইখ বিন বায (রহঃ) বলেন: মৃতব্যক্তিকে চুমো খেতে কোন আপত্তি নেই। যদি মৃতব্যক্তির কোন মাহরাম নারী আত্মীয় কিংবা কোন পুরুষ লোক তাকে চুমো খান। যেমনটি আবু বকর (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে করেছেন। [মাজমুউল ফাতাওয়া (১৩/১০২)]

আল্লাহ্ই সর্বজ্ঞ।